দৈনিক
ইনকিলাব

তারিখ 08 JAN 2008
পৃষ্ঠা ১২ কলাম ২

20
Nijam

সংস্কার কার্যক্রম অব্যাহত

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছতা আনতে ব্যর্থ হলে সরে দাঁড়াবো

—ভারপ্রাপ্ত ভিসি

স্টাফ রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংস্কার কার্যক্রম অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল আওয়াল মজুমদার, ডিএস প্রশাসনে ইলিয়াস হোসেন এবং ডিএস রইস উদ্দিন জাতীয় বিশ্ববিদ্যালয়

পৃঃ ১১ কঃ ৮

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছতা

১২-এর পৃষ্ঠার পর

পরিদর্শন করেছেন। সেখানে তারা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি ড. সৈয়দ রাশেদুল হাসানসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে বৈঠক করেন। বৈঠকে বর্তমানে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় কার্যক্রম কেমন চলছে সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া পরীক্ষা সেকশনে সংশ্লিষ্টদের নিয়েও বৈঠক করা হয়। বৈঠকে প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যতে যাতে প্রশ্নপত্র ফাঁস না হয় সে বিষয়ে তাগিদ দেয়া হয়। এ লক্ষ্যে আগামী কয়েকদিনের মধ্যে প্রশ্নপত্র ফাঁস বিষয়ে পর্যালোচনা কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি রাশেদুল হাসান, পরিদর্শক দলকে জানিয়েছেন, আগামী ৩১ মার্চের মধ্যে বিশ্ববিদ্যালয়ের স্বচ্ছতা ফিরিয়ে আনতে না পারলে তিনি দায়িত্ব থেকে সরে দাঁড়াবেন। ভারপ্রাপ্ত ভিসি বলেন, বিশ্ববিদ্যালয় কর্মকর্তাদের নিজেদেরকে শোধরানোর এখনই সময়। কারণ এখন থেকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্ষেত্রে সততা, অভিজ্ঞতা ও কাজের মূল্যায়ন করা হবে।